




বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০
ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইল: info@pcb.gov.bd



স্মারক নং: পিসিবি/২৫৮৬

তারিখঃ ২৫ অগ্রহায়ন ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০



শোক বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের ১৫তম ব্যাচের (১৯৭৯-১৯৮০ শিক্ষাবর্ষ) ছাত্র ও বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস্ লিমিটেডের পরিচালক (উৎপাদন) জনাব এ আর এম জাহিদুর রহমান (বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর এ-১০৪৭) মহামারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গত ০৯.১২.২০২০ তারিখ বিকাল ০৪:০০ মিনিটে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইস্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের সদস্যবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত। ঔষধ শিল্পে গুরুত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

আমরা মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও স্বজনের প্রতি গভীর সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি এবং পরম করুণাময় মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। মহান আল্লাহ পাক তাঁকে বেহেশত নসীব করুন। আমীন।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল